# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019

Answer : Work Sheet - 1
Class : 2A & C

Subject : Bengali Grammar
Date : 17.04.2020
Topic : ভাষা (সাধু ও চলিত), ধ্বনি

১) চলতি ভাষার শব্দগুলিকে সাধুভাষায় লেখ।

| | চলতি ভাষা | সাধু ভাষা |
|---|---|---|
| ক) | কারা | কাহারা |
| খ) | আমাদের | আমাদিগকে |
| গ) | ডুবছে | ডুবিতেছে |
| ঘ) | বেঁধে | বাঁধিয়া |
| ঙ) | কাছে | নিকটে |

২) একটি বাক্যে উত্তর দাও ঃ—

ক) শব্দকে ভেঙে যে ক্ষুদ্র ক্ষুদ্র অবিভাজ্য অংশ পাওয়া যায় তাকে ধ্বনি বলে।

খ) বাংলা ভাষায় ধ্বনি দুই প্রকার — স্বরধ্বনি ও ব্যঞ্জন ধ্বনি।

গ) যে ধ্বনি অন্য কোনো ধ্বনির সাহায্য ছাড়াই উচ্চারিত হয় তাকে স্বরধ্বনি বলে। উদাহরণ - অ, ই।

ঘ) যে ধ্বনি উচ্চারণে অন্য একটি স্বরধ্বনির সাহায্য লাগে, তাকে ব্যঞ্জনধ্বনি বলে। উদাহরণ - ক, ছ।

ঙ) স্বরধ্বনিকে দুইভাগে ভাগ করা যায় — হ্রস্বস্বর ও দীর্ঘস্বর।

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) ঐ এবং ঔ কে বলা হয় যৌগিক স্বরধ্বনি।

খ) যে স্বরধ্বনির উচ্চারণে কম সময় লাগে তাকে হ্রস্বস্বর বলে।

গ) যে স্বরধ্বনির উচ্চারণে বেশি সময় লাগে তাকে দীর্ঘস্বর বলে।

ঘ) বাংলা ধ্বনিমালায় মোট ৩৭ টি ধ্বনি আছে।

ঙ) স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির মোট সংখ্যাকে বলে ধ্বনিমালা।

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ।

ক) ধ্বনি চোখে দেখা যায় না।

খ) বাংলায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা ৭টি।

গ) বাংলায় ব্যঞ্জনধ্বনির সংখ্যা ৩০টি।

ঘ) পশ্চিমবঙ্গের প্রধান ভাষা বাংলা।

ঙ) ঊ হল দীর্ঘস্বর।

Rita Das